# মাদ্রাসার শিক্ষককে মারধরের মামলায় রুমির আগাম জামিন আবেদন



ছবি: সংগৃহীত

গাজীপুরের টঙ্গীতে একটি মাদ্রাসায় হামলা ও শিক্ষককে মারধরের ঘটনায় দায়ের করা মামলায় হাইকোর্টের আগাম জামিন চেয়েছেন শাহজালাল রুমি। সাত বছর বয়সী এক শিশুকে যৌন নিপীড়নের অভিযোগকে কেন্দ্র করে শিক্ষককে মারধরের ঘটনায় তাঁর বিরুদ্ধে মামলাটি করেন মাদ্রাসার অধ্যক্ষ।

বুধবার (২৮ অক্টোবর) কালবেলাকে এ তথ্য জানান রুমির আইনজীবী বেলাল হোসেন। তাঁর ভাষ্য অনুযায়ী, গত রোববার হাইকোর্টে জামিনের আবেদন জমা দেওয়া হয়। বিচারপতি মো. সেলিম ও বিচারপতি মো. আসিফ হাসানের সমন্বয়ে গঠিত বেঞ্চে আবেদনটির শুনানি হতে পারে।

রুমির পক্ষে আরেক আইনজীবী রুহুল আমিন হাসান জানান, আদালতের প্রতি আস্থা রেখে নিজের ও পরিবারের নিরাপত্তার জন্য আইনি সহায়তা নিচ্ছেন তাঁর মক্কেল। রুমি বর্তমানে নিরাপত্তাহীনতায় রয়েছেন বলেও দাবি করেন তিনি।

ঘটনার সূত্রপাত গত ২১ অক্টোবর। টঙ্গীর আউচপাড়া এলাকার ক্বারিউল কুরআন ইন্টারন্যাশনাল ক্যাডেট মাদ্রাসায় রুমির সাত বছর বয়সী শিশুকে যৌন নিপীড়নের অভিযোগ ওঠে। এ অভিযোগের পর মাদ্রাসার শিক্ষক মো. মোসলেম উদ্দিনকে মারধর করেন রুমি। পরে তাঁকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়। ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা ও সমালোচনা শুরু হয়।